গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলার অক্টোবর/ ২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : ফাহমি মো. সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

তারিখ : ১১/১০/২০২১ খ্রি:।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন** : বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। আগষ্ট/২০২১ ও সেপ্টেম্বর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা** : আগষ্ট/২০২১ ও সেপ্টেম্বর/২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/ রাহাজানি	চুরি	বিশেষ ক্ষমতা	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার মামলা	মাদক মামলা	বিস্ফোরক মামলা	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
সেপ্টেম্বর/ ২০২১	-	-	-	৫	-	-	-	৫	-	১৩	-	-	১৩	৩৬	
আগষ্ট/২০২১	১	-	-	৮	-	-	-	৫	-	২৫	-	-	১৪	৫৩	
	হ্রাস	-	-	হ্রাস	-	-	-	স্থিতিশীল	-	হ্রাস	-	-	হ্রাস	হ্রাস	

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, আগষ্ট/২০২১ মাসে খুন-০১, চুরি- ০৮ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৫ টি, মাদক অপরাধ-২৫ টি ও অন্যান্য-১৪ টি সহ মোট ৫৩ টি ও সেপ্টেম্বর/২০২১ মাসে চুরি- ০৫ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৫ টি, মাদক অপরাধ-১৩ টি ও অন্যান্য-১৩ টি সহ মোট ৩৬ টি অপরাধ সংঘটিত হয়েছে । উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা আগষ্ট/২০২১ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২১ মাসে অনেকাংশে হ্রাস পেয়েছে।

সিদ্ধান্ত :· রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো ।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ।

০৪. **জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা** : সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী ও সভাপতি, ইমাম কমিটি, রাজবাড়ী এবং উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা, জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানানো হয়। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন,রাজবাড়ী,সভাপতি, ইমাম কমিটি,রাজবাড়ী এবং রাজবাড়ী সদর উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৫. **মাদক বিরোধী অভিযান :** জনাব দেওয়ান মোহাম্মদ জিল্লুর রহমান, পরিদর্শক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, এভাবে কোন জায়গার মাদকমুক্ত করা সম্ভব নয়। কারণ ঘোষনা দেওয়ার পরই মাদক ব্যবসায়ীরা বাড়ীতে অবস্থান না করে বর্ডার এলাকায় পালিয়ে যায় । সে জন্য মাদকের প্রবণতা রোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে এবং সকলকে মাদকের বিরুদ্ধে সোচ্চার হতে হবে। এ উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের পক্ষ হতে পাঁচুরিয়া ইউনিয়ন বনাম খানখানাপুর ইউনিয়ন ভলিবল টুর্ণামেন্টের আয়োজন করা হবে। এবং গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে মাদক বিরোধী সভা করার কথাও উল্লেখ করেন।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করা হয় এমন স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‌্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে লাগাতার অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৬. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা অনেকাংশে হ্রাস পেয়েছে। তিনি বলেন, গতকাল জেলা আইন শৃঙ্খলা কমিটির সভা হয়েছে। গত সেপ্টেম্বর/২০২১ মাসের জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী এক মাসের মধ্যে রাজবাড়ী সদর উপজেলার পাঁচুরিয়া ইউনিয়নকে মাদকমুক্ত ইউনিয়ন হিসাবে ঘোষনা করার প্রস্তাব করা হয়েছিল কিন্তু পাঁচুরিয়া ইউনিয়ন কে মাদকমুক্ত করা সম্ভব হয় নাই তাই বিভিন্ন খেলাধুলায় সকলকে উৎসাহিত করে ও সামাজিক আন্দোলন গড়ে তুলে মাদক নির্মুল করতে হবে। অত:পর, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব মো: শওকত হাসান, চেয়ারম্যান, আলীপুর ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, গত সভায় পাঁচুরিয়া ইউনিয়নকে মাদকমুক্ত করার সিদ্ধান্ত হয়েছিল। কোন কাজ করার আগে পরিকল্পনা করা দরকার, কমিটি করা দরকার। মাদক একটি সামাজিক সমস্যা, এটি নিমূল করা সম্ভব নয়। তাই সকলকে একযোগে কাজ করতে হবে। বর্তমানে নতুন নতুন ধরনের মাদকদ্রব্য বৃদ্ধি পেয়েছে। কমিটি করে এ বিষয়ে কর্মকৌশল করা দরকার। তিনি বলেন, আলীপুর ইউনিয়নে ১০-১২ টি পরিবার মাদকের সাথে যুক্ত। আমার মনে হয় জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ রাজবাড়ী থানা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাদের নিয়ে বসে আলাপ আলোচনার মাধ্যমে তাদেরকে বুঝিয়ে এ পথ থেকে সড়াতে হবে। তার পরও কেউ মাদকের সাথে জড়িত থাকলে কঠোর পদক্ষেপ নিতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ জানান।	সংশ্লিষ্ট ইউনিয়নকে মাদক মুক্ত করতে সার্বিক সহযোগিতা করতে হবে।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ,পরিদর্শক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান।
৬.২	জনাব শেখ গোলাম মোস্তফা বাচ্চু, চেয়ারম্যান, বানীবহ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তার ইউনিয়নের ছিচকে চুরি কমে গেছে। তিনি তার ইউনিয়নের একজন মাদক আসামীকে গ্রাম পুলিশ দিয়ে ধরে এনে পুলিশে দেন। পরে তাকে ছেড়ে দেওয়া হয়। রাজবাড়ী থানার সেকেন্ড অফিসার জানান, কোন ব্যক্তির নিকট ৫০ গ্রাম এর কম মাদক পাওয়া গেলে তার বিরুদ্ধে কোন আইনগত ব্যবস্থা নেওয়া যায় না। তিনি এ সভায় জানতে চান তাহলে যারা ৫-১০ গ্রাম করে মাদক খান তাদের বিরুদ্ধে কি কোন ব্যবস্থা নেওয়া যাবে না। তিনি ঢাকা–কুষ্টিয়া মহাসড়কের মুরগীর ফার্ম মোড়ের রাস্তা খুবই খারাপ এ বিষয়ে ব্যবস্থা নিতে এ সভার মাধ্যমে অনুরোধ জানান ।	ঢাকা –কুষ্টিয়া মহাসড়কের মুরগীর ফার্ম মোড়ে রাস্তা সংস্কারের ব্যবস্থা করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ।
৬.৩	জনাব কুসুম কুমার রায়, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন।তিনি বলেন, শারদীয় দূর্গাপূজা উপলক্ষ্যে আনসার সদস্যদের ২৬ টা টহলটিম রাজবাড়ী সদর উপজেলায় কর্মরত থাকবে। প্রতিটি টহল টিমে একজন কমান্ডার ও ১ জন সহকারি কমান্ডার থাকবে। তারা প্রতিটি পূজা মন্ডপে টহল দিবে। কোন সমস্যা হলো কিনা দেখবে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	রাত ১০.০০ টা থেকে ভোর ৭.০০ টা পর্যন্ত টহল জোরদার করতে হবে।	উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৬.৪	জনাব মো: রোকনুজ্জামান, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, বর্তমানে মা ইলিশ সংরক্ষণ অভিযান চলছে। জেলা মৎস্য অধিদপ্তর ও উপজেলা মৎস্য দপ্তর মিলে ০৩ টি টিম করা	কারেন্ট জাল এর বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ	উপজেলা প্রশাসন ও উপজেলা সিনিয়র মৎস্য

	হয়েছে। প্রতি টিমের সদস্যদের ৮ ঘন্টা হিসাবে দায়িত্ব বন্টন করা হয়েছে। এ পর্যন্ত ১৮ জন জেলেকে জরিমানাসহ জেল প্রদান করা হয়েছে। প্রতিদিন নদীতে অবৈধ জাল পাওয়া যাচ্ছে। তিনি এ সময়ে নদীতীরবর্তী জেলেদেরকে মা ইলিশের পাশাপাশি অন্য সকল মাছ ধরা থেকে বিরত থাকতে জন্য জেলেদের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান।	চেয়ারম্যান তথ্য দিয়ে সহযোগিতা করবেন।	কর্মকর্তা, রাজবাড়ী সদর।
৬.৫	জনাব এ,কে, এম সিরাজুল আলম চৌধুরী, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, এখনো ইলিশ মাছ নদীতে আসে নাই। এই মা ইলিশ সংরক্ষণের কয়েকদিন ধাওয়াপাড়া ঘাটে একটি স্পীডবোট রাখলে ও সার্বক্ষনিক ২ জন পুলিশ থাকলে কোন জেলে নদীতে নামতে সাহস পাবে না। পুলিশ ছাড়া শুধু মৎস্য বিভাগের লোক নদীতে গেলে যে কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি সভায় অনুরোধ জানান।	মৎস্য সংরক্ষণ অভিযানে পুলিশ বিভাগ সহযোগিতা করবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৬	বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, মাদক পুরোপুরি নির্মূল সম্ভব নয়। নিয়ন্ত্রনে রাখতে হবে। গোয়ালন্দ ঘাট এলাকা মাদকের আখড়া। আমাদেরকে সমাজে সচেতনতা বাড়াতে হবে। ২-৩ টি ইউনিয়ন একসাথে মাদক নির্মূলের টার্গেট করতে হবে। গোয়ালন্দ উপজেলাও আমাদের সাথে এক হয়ে অভিযান চালালে ভালো হবে। মা ইলিশ সংরক্ষণের বিষয়ে পাবনার সাথে সংযুক্ত হয়ে অভিযান পরিচালনা করতে হবে তাহলে সরকারের লক্ষ্য ফলপ্রসু হবে।	মাদকের বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৭	বীর মুক্তিযোদ্ধা জনাব এস,এম নওয়াব আলী ও সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর বলেন,রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল। তিনি হোগলাডাঙ্গিতে অবৈধ বিদ্যুৎ নিতে গিয়ে একব্যক্তির মৃত্যুর ঘটনায় তৎক্ষনিক ব্যবস্থা নেওয়ার জন্য অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানাকে ধন্যবাদ জানান। ইভটিজিংএর বিষয়ে জনপ্রতিনিধিরা সজাগ থাকলেই অনেকাংশে কমে যাবে বলে মনে করেন। প্রতিটি ইউনিয়নের একজন ইউ,পি সদস্য ও একজন গ্রাম পুলিশকে মাদকের বিষয়ে দায়িত্ব দিলে মাদক অনেকাংশে কমবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তার জানামতে পাঁচুরিয়া ইউনিয়নের কাটাখালীতে মাদকের মহাজনরা কয়েকদিন পরপর এসে টাকা তুলে নিয়ে যায়। এ বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীকে ব্যবস্থা নিতে অনুরোধ করেন।	মাদক ব্যবসায়ীদের বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৮	জনাব আকাশ কুমার কুন্ডু, সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, মাদকের বিষয়ে আমাদের অবহিত করলে আমরা মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা নেব। মিজানপুরের কোল এলাকার মধ্যে জেলেরা ছোট ছোট নৌকা নিয়ে মাছ ধরে ও বিক্রয় করে কিন্তু সেখানে পানি কম থাকার ফলে স্পীডবোট যায় না। তিনি ঐস্থানে পুলিশ ও আনসার সদস্যদের সমন্বয়ে অভিযান চালানোর কথা উল্লেখ করেন। সামনে শারদীয় দূর্গাৎসবে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরও একযোগে কাজ করার পরামর্শ প্রদান করেন।	মোবাইল কোর্টের বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ তথ্যদিয়ে সহযোগিতা করবেন।	সহকারী কমিশনার (ভূমি) রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৬.৯	জনাব রাকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তর্ব্য প্রদান করেন। তিনি বলেন, রাজবাড়ী সদরের আইনশৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি অফিসার ইনচার্জ, রাজবাড়ীকে সকলের পক্ষথেকে ধন্যবাদ জানান জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ হওয়ার জন্য। তিনি ২২ দিনের মা ইলিশ সংরক্ষণ অভিযান সঠিক ভাবে পালন করার জন্য জেলা/উপজেলা প্রশাসন, মৎস্য অধিদপ্তর ও পুলিশ বিভাগের গৃহীত পদক্ষেপকে ধন্যবাদ জানান। আগামী ১৬ অক্টোবর তারিখ রাজবাড়ী জেলার আওয়ামীলীগের ত্রি-বার্ষিক কাউন্সিল অনুষ্টিত হবে। এই কাউন্সিলকে কেন্দ্র করে যেন কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে এ বিষয়ে দৃষ্টি দিতে আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ করেন। রাজবাড়ী সদরে ১০২ টি পূজা মন্ডপে শারদীয় দূর্গা পূজা চলাকালীন সময়ে সন্ধ্যার পরথেকে দর্শনার্থীর ভিড় বাড়তে থাকে এসময় বখাটেদের উৎপাত বেড়ে যায়। তিনি টহলটিমকে সজাগ দৃষ্টি দেয়ার জন্য আইন শৃঙ্খলা বাহিনীর ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন।	পূর্জামন্ডপে বখাটে দের উৎপাত বন্ধে আইন-শৃঙ্খলা বাহিনী ব্যবস্থা গ্রহণ করবেন।	১। অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ২। ইউ,পি চেয়ারম্যান (সকল)

৭. জনাব মোহাম্মাদ শাহাদাত হোসেন, অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, সকলের পজেটিভ ধারনার ফলে যে সাফল্য তা আপনাদের। যখন কেউ মোবাইল বা অলংকার নিয়ে নিরাপদে রাতে রাস্তায় চলতে পারবে সেটাই হবে আমার স্বার্থকতা। সবার কর্মপরিকল্পনা ও চেষ্টার ফলে যে কোন কাজ সুন্দর হয়। আমরা সর্বোচ্চ সতর্ক আছি, টহল বাড়িয়েছি, আমাদের সমস্যা ধরিয়ে দিলে ব্যবস্থা নেব। মাদকের বিষয়ে পুলিশ বাহিনী বদ্ধপরিকর। মাদক নিয়ন্ত্রনে রাখতে সবচেয়ে বেশী দরকার সামাজিক সচেতনতা, ইভটিজিং এর বিষয়ে সর্বোচ্চ